## ৫ম উপজেলা পরিষদের শাহরাস্তি উপজেলায় 'ফেব্রুয়ারি-২০২২' মাস ও ৩৫তম মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

তারিখ : ১৭.০২.২০২২ খ্রিঃ বিকাল- ০৩.৩০ ঘটিকা।

স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন (হলরুম), শাহরাস্তি, চাঁদপুর।

সভাপতি : জনাব নাসরিন জাহান চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শাহরাস্তি, চাঁদপুর।

সভায় উপস্থিত সদস্য/সদস্যাগণের নামের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে) পরিশিষ্ট ''ক'' দ্রষ্টব্য

জনাব নাসরিন জাহান চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শাহরাস্তি, চাঁদপুর এর সভাপতিত্বে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার শুরুতে মহান আল্লাহ দরবারে শুকরিয়া জ্ঞাপন করা হয়। তিনি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানান এবং অদ্যকার সভায় উপজেলা পরিষদের প্রধান উপদেষ্টা মেজর (অব:) রফিকুল ইসলাম, বীর উত্তম, এম.পি সংসদ সদস্য, চাঁদপুর-৫ (শাহরাস্তি-হাজীগঞ্জ) মহোদয় সদয় উপস্থিত থাকায় উপজেলা পরিষদের পক্ষ থেকে আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা জ্ঞাপন করা হয়। অত্র উপজেলার সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয় ও পাঠকৃত বিবরণীর উপর বিস্তারিত আলোচনান্তে কোনরূপ পরিবর্তন বা সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। অতঃপর নিম্নরূপ বিভাগ ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্ত সমূহ গ্রহণ করা হয়ঃ

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১. | <u>নবনির্বাচিত ইউপি চেয়ারম্যানগণের পরিচিতিপর্ব ও শুভেচ্ছা জ্ঞাপন:</u><br>সভায় মুখ্য নির্বাহী কর্মকর্তা জনাব শিরীন আক্তার, উপজেলা নির্বাহী অফিসার, শাহরাস্তি সভায় জানান যে, বিগত ২৬ ডিসেম্বর ২০২১খ্রি: তারিখ অত্র উপজেলার ১০টি ইউপিতে অবাধ ও সুষ্ঠু সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হয়। উক্ত নির্বাচনে ১০জন ইউপি চেয়ারম্যান নির্বাচিত হয়ে উপজেলা পরিষদের সদস্যপদ লাভ করেন। আজকের সভায় তাদেরকে স্বাগত জানানো হয় এবং তাদের নিজ নিজ পরিচয় সভায় উপস্থাপন করার অনুরোধ করা হয়। | (১.ক) সভায় উপস্থিত ইউপি চেয়ারম্যানগণ মাননীয় সংসদ সদস্যকে ফুলেল শুভেচ্ছা জ্ঞাপন ও আন্তরিক অভিনন্দন প্রকাশ করেন। | চেয়ারম্যান, সকল ইউপি, শাহরাস্তি। |
| | মাননীয় সংসদ সদস্য, চাঁদপুর-৫ (শাহরাস্তি-হাজীগঞ্জ) নির্বাচনী এলাকা সভায় বলেন যে, অত্র উপজেলায় ১০টি ইউপি নির্বাচনে নতুন চেয়ারম্যান হিসেবে ০৫জন এবং পুরাতন চেয়ারম্যান ০৫জন জয়লাভ করেন। পুরাতন চেয়ারম্যানগণ তাদের কর্তব্য ও দায়িত্ব সম্পর্কে অবহিত আছেন এবং তারা তাদের উপর অর্পিত দায়িত্ব সঠিকভাবে পালনের জন্য সভায় আহবান জানানো হয়। তিনি আরো বলেন যে, নতুন ০৫জন ইউপি চেয়ারম্যান পুরাতন চেয়ারম্যানগণের নিকট থেকে বিভিন্ন বিষয়ে সহযোগিতা গ্রহন করতে পারে। তাছাড়া সরকারও নতুন বা পুরাতন চেয়ারম্যাগণদের নিয়ে ইউপি পরিচালনার বিষয়ে ওরিয়েন্টশন প্রশিক্ষণ আয়োজন করবে। | (১.খ) নবনির্বাচিত ইউপি চেয়ারম্যানগণের কর্তব্য ও দায়িত্ব বিষয়ে অবহিত করার উদ্দেশ্যে ওরিয়েন্টেশন প্রোগ্রাম বা প্রশিক্ষণ কর্মসূচি আয়োজনের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, শাহরাস্তি। |
| | তিনি সভায় আরো জানান যে, হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সোনার বাংলা গড়ার প্রত্যয় নিয়ে তারই সুযোগ্য কন্যা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা'র সরকার বিগত কয়েক বছরে সারা দেশে যে অভূতপূর্ব উন্নয়ন করে গেছেন তা বাংলার ইতিহাসে স্বর্ণাক্ষরে লেখা থাকবে। তিনি বলেন যে, বিশেষ করে শাহরাস্তি উপজেলায় ২০বছর পূর্বে একপ্রান্ত থেকে আরেক প্রান্ত যেতে পারতো না কাঁচা রাস্তায় মানুষ চলাচল করতে পারতো না। ১৯৯৬ সালের পূর্বে শাহরাস্তি উপজেলায় মাত্র ০৫ কি.মি. রাস্তা পাকা ছিলো। হাজীগঞ্জ উপজেলায় ০৪-০৫কি.মি. রাস্তা পাকা ছিলো। বর্তমানে আওয়ামীলীগ সরকারের আমলে ০২টি উপজেলায় প্রায় ৬৫০ কি.মি. রাস্তা পাকা করা হয়েছে। ডাকাতিয়া নদীর উপরে শুধু মাত্র ০১টি সূচীপাড়া ব্রীজ নির্মাণ করা হয়েছিলো। বর্তমানে এই নদীর উপরে ০৮টি ব্রীজ নির্মাণ করা হয়েছে। স্কুল, কলেজ, মাদ্রাসাসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানে ভবন নির্মাণ করা হয়েছে। ০২ উপজেলায় প্রায় ৬০০টি'র অধিক শিক্ষা প্রতিষ্ঠানের ভবন নির্মাণ করা হয়েছে। ০২টি উপজেলার উন্নয়ন কর্মকান্ড সংক্রান্ত বই প্রকাশ করা হবে। উন্নয়ন কর্মকান্ডের তথ্যাদি সংগ্রহ পূর্বক প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা নির্বাহী অফিসার, শাহরাস্তি এর দৃষ্টি আকর্ষণ করা হয়। তিনি বলেন, এতো উন্নয়ন কর্মযজ্ঞ সংসদ সদস্য মহোদয়ের একক প্রচেষ্টায় সম্ভব হয়নি, এতে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা'র সরকারের সহযোগিতায় বিভিন্ন সরকারি কর্মকর্তাদের মুখ্য ভূমিকায় এবং স্থানীয় জনপ্রতিনিধি, রাজনৈতিক ও সামাজিক নেতৃবৃন্দের সহযোগিতায় সম্ভব হয়েছে। অত্র উপজেলায় ডাকাতিয়া নদীর পাড়ে গন্ধর্ব্যপুর ছিখটিয়া ব্রীজ হতে সূচীপাড়া ব্রীজ পর্যন্ত | (১.গ) সভায় বিস্তারিত আলোচনার পর মাননীয় সংসদ সদস্য নবনির্বাচিত চেয়ারম্যানগণের উদ্দেশ্যে ইউনিয়ন পরিষদ পরিচালনার ক্ষেত্রে নিম্নোক্ত বিষয় সমূহ আরো অধিকতর নজর এবং বাস্তবায়নের প্রয়োজনীয় পরামর্শ প্রদান করেন।<br>**<u>বিষয় সমূহ:</u>**<br>১. ইউপি চেয়ারম্যানগণ এবং সকল ইউপি সদস্য, সংরক্ষিত আসনের মহিলা ইউপি সদস্যগণ ইউনিয়ন পরিষদ পরিচালনার ক্ষেত্রে কঠোর পরিশ্রম করতে হবে।<br>২. সরকারের উন্নয়ন বরাদ্দ সঠিক খাতে এবং সঠিক ব্যবহারের মাধ্যমে বাস্তবায়ন করতে হবে।<br>৩. ইউনিয়নের প্রতিটি ওয়ার্ডে ন্যায্যতার ভিত্তিতে (আয়তন ও জনসংখ্যার হার) উন্নয়ন কর্মকান্ডে বরাদ্দ প্রদান করতে হবে। যেসকল ওয়ার্ডে উন্নয়ন কর্মকান্ড কম হয়েছে, সেসকল ওয়ার্ডে অগ্রাধিকার ভিত্তিতে বরাদ্দ দিতে হবে। সকল ওয়ার্ড মেম্বারকে পর্যাক্রমে উন্নয়ন কাজে বরাদ্দ দিতে হবে।<br>৪. ইউনিয়নের প্রকৃত ভাতাভোগী ব্যক্তিদের সোস্যাল সেফটি নেটওয়ার্ক বা মানবিক সহায়তা কর্মসূচিতে সংযুক্ত করতে হবে। এ বিষয়ে কোন অনিয়ম সহ্য করা হবে না।<br>৫. প্রত্যেক জনপ্রতিনিধিগণ স্ব স্ব ইউনিয়নে অবস্থান করতে হবে। কোন জরুরী প্রয়োজনে এলাকার বাহিরে গেলেও ইউনিয়নের সাধারণ জনগণ যাতে অতিসহজে যে কোন বিষয়ে জনপ্রতিনিধি দের অবহিত করতে পারে এবং সে | চেয়ারম্যান, সকল ইউপি, শাহরাস্তি। |

| | | | |
|---|---|---|---|
| | ওয়াকওয়ে নির্মাণ কাজ আরম্ভ হয়েছে। এই কাজটি বাস্তবায়ন করা হলে,তা দেখার জন্য ছুটির দিনে প্রায় ১০-১৫,০০০ লোকের জনসমাগম ঘটবে। ফলে উপজেলার চিত্র পাল্টে যাবে, অর্থনীতিতে প্রভাব পড়বে, পর্যটন কেন্দ্র হিসেবে এখানে অনেক মানুষের কর্মসংস্থানের সৃষ্টি হবে।<br><br>তিনি সভায় আরো বলেন যে, মাঝখানে করোনা ভাইরাস সংক্রামণের কারণে ০২বছর উন্নয়ন কর্মকান্ড কিছুটা স্থবির হয়ে পড়েছিলো। করোনা ভাইরাস দুর্যোগেও বিশ্বের অন্যান্য দেশ সমস্যায় পতিতি হলেও মাননীয় প্রধানমন্ত্রীর দৃঢ় নেতৃত্বে এ দেশের মানুষ বিভিন্ন মানবিক সহায়তা কর্মসূচির আওতায় সাহায্য সহযোগিতা পেয়ে উপকৃত হয়েছে। পাশাপাশি উন্নয়ন কর্মকান্ডও চলমান ছিলো। করোনার ১ম পর্যায়ে সরকারের পাশাপাশি সংসদ সদস্য হিসেবে ০২টি উপজেলায় প্রায় ১ কোটি টাকা ব্যয়ে ১০,০০০-১২,০০০ মানুষকে খাদ্য সামগ্রী সহায়তা প্রদান করা হয়েছে। উপজেলা নির্বাহী অফিসার, শাহরাস্তি এর কার্যালয় হতেও ব্যাপক খাদ্য সহায়তা প্রদান করা হয়েছে। তাছাড়া ৩৩৩ কল করেও অনেকে খাদ্য সহায়তা পেয়েছে। ফলে করোনা ভাইরাস দুর্যোগেও অন্যান্য দেশের তুলনায় আমরা কম ক্ষতিগ্রস্থ হয়েছি। | আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হবে।<br>৬. ইউপি চেয়ারম্যান ও ইউপি সদস্যদের মধ্যে সু-সম্পর্ক বজায় রাখতে হবে। সরকারের সকল উন্নয়ন কর্মকান্ডে ইউপি সদস্যদের অংশগ্রহন থাকতে হবে।<br>৭. ইউনিয়নের সকল উন্নয়ন বরাদ্দ অনুযায়ী অগ্রাধিকার প্রকল্পের তালিকা প্রণয়নে উপজেলা প্রকৌশলী, এলজিইডি এবং উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সার্বিক সহযোগিতা ও মনিটরিং করতে হবে। প্রত্যেকটি ইউপির প্রত্যেকটি ওয়ার্ডে পর্যায়ক্রমে উন্নয়ন কর্মকান্ড বাস্তবায়ন করতে হবে। যদি কোন ইউপি উপরোক্ত নির্দেশনা সমূহ প্রতিপালন না করে, সে ইউপির বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহন করা হবে।<br>৮. ইউনিয়নের দুস্কৃতিকারী, দুবৃত্ত, আইনের চোখে অপরাধী বিশেষ করে নারী ও শিশু নির্যাতনকারী ব্যক্তিদের কোন ধরনের সহযোগিতা থেকে বিরত থাকতে হবে। ইউপি চেয়ারম্যান ও সদস্যগণ সে দিকে বিশেষ সতর্কতা পালন করতে হবে। | |
| ২. | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগঃ<br>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, শাহরাস্তি সভায় বলেন যে, সরকার করোনা ভাইরাস সংক্রামক থেকে পরিত্রান পাওয়ার কোভিড-১৯ টিকা প্রদান কার্যক্রম আরম্ভ করেছে। সে প্রেক্ষিতে অত্র উপজেলায় উপজেলা স্বাস্থ্য বিভাগের আওতায় ১ম ডোজ- ১,৫৩,৮৫০টি টিকা, যার শতকরা হার- ৫৩.২%, ২য় ডোজ- ১,১২,৬৬৩টি টিকা, যার শতকরা হার ৪১% এবং বুস্টার ডোজ-১৯২০টি টিকা প্রদান করা হয়েছে। (১২-১৮বছর) স্কুলের শিক্ষার্থীদের ফাইজার টিকা ১ম ডোজ- ২৫,০১৬ জন, ২য় ডোজ- ১৩,০৪৭টি টিকা প্রদান করা হয়েছে। শিক্ষার্থীদের ২য় ডোজ টিকা চলমান রয়েছে, আগামী সপ্তাহের মধ্যে অবশিষ্ট ১১,৯৬৯টি ২য় ডোজ টিকা প্রদান সম্পন্ন করা হবে। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে পর্যাপ্ত টিকা মুজদ রয়েছে। রেজিস্ট্রেশনের মাধ্যমে টিকা প্রদান কর্মসূচি বাস্তবায়ন কাজ চলমান রয়েছে। এ ছাড়াও করোনা ভাইরাস সংক্রামণের শুরু থেকে সংসদ সদস্য মহোদয়ের সাহায্য সহযোগিতায় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভালো চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে। স্বাস্থ্য কমপ্লেক্সে করোনা রোগী ভর্তি ছিলো-২২৮ জন, তন্মেধ্যে ১১ জনের মৃত্যুবরণ করেছেন। এ যাবত শাহরাস্তি উপজেলার বাসিন্দাদের চাঁদপুর জেলা স্বাস্থ্য কমপ্লেক্সে কোভিড টেস্ট করা হয়েছে মোট- ৫৬৩৯ জন, আরটিপিসিআর টেস্ট- ৩১৮৬জন তন্মধ্যে পজিটিভ পাওয়া গেছে মোট- ৬৬৪জন, শাহরাস্তি স্বাস্থ্য কমপ্লেক্সে কোভিড টেস্ট করা হয়েছে- ২৪৫০ জনকে, তন্মেধ্যে ১,০৫০ জন পজেটিভ হয়েছে। এ বিষয়ে সভায় আলোচনা করা হয়। | (২.ক) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়মিত চিকিৎসা সেবা প্রদান এবং কোভিড-১৯ টিকা সুষ্ঠুভাবে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, শাহরাস্তিকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, শাহরাস্তি। |
| | তিনি সভায় আরো জানান যে, আগামী ২৬ ফেব্রুয়ারি ২০২২খ্রি: তারিখে সরকার সারা দেশে গণটিকা (১দিন ১কোটি) কর্মসূচি বাস্তবায়নের নির্দেশনা দিয়েছে। সে প্রেক্ষিতে শাহরাস্তি উপজেলায় ১০টি ইউপিতে ০৩টি করে মোট- ৩০টি পুরাতন ওয়ার্ড/টিকা কেন্দ্রে প্রতি কেন্দ্রে ৩০০টি করে মোট- ৯০০০টি ১ম ডোজ টিকা প্রদান করা হবে। এ বিষয়ে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য ইউপি চেয়ারম্যান সকল, শাহরাস্তি এর দৃষ্টি আকর্ষণ করা হয়। | (২.খ) সভায় বিস্তারিত আলোচনার পর আগামী ২৬ ফেব্রুয়ারি ২০২২খ্রি: তারিখ গণটিকা(১দিন ১কোটি) কর্মসূচি বাস্তবায়ন কল্পে উপজেলা পর্যায়ে কোভিড-১৯ টিকা সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য গঠিত উপজেলা কমিটি'র সদস্যদের নিয়ে একটি সভা আয়োজন এবং সভায় টিকাদান কর্মসূচি বাস্তবায়নে একটি কর্মপরিকল্পনা প্রস্তুতের জন্য সংসদ সদস্য, চাঁদপুর-৫, (শাহরাস্তি- হাজীগঞ্জ) নির্বাচনী এলাকা মহোদয় পরামর্শ প্রদান করেন। এ বিষয়ে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য ইউপি চেয়ারম্যান সকল, শাহরাস্তিকে অনুরোধ করা হয়। | উপজেলা পর্যায়ে কোভিড-১৯ টিকা প্রদান কমিটি. শাহরাস্তি। ইউপি চেয়ারম্যান সকল, শাহরাস্তি। |
| | প্রধান শিক্ষক, বলশীদ হাজী আকুব আলী উচ্চ বিদ্যালয়, শাহরাস্তি সভায় বলেন যে, বিদ্যালয়ের শিক্ষার্থীদের (১২-১৮বছর) ফাইজার কোভিড-১৯ টিকা প্রদানের জন্য স্কুলের পক্ষ থেকে ৪,০০০/- (চার হাজার) টাকা করে নিজমেহার মডেল পাইলট উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষকের নিকট জমা দিতে হয়েছে। বর্ণিত টাকা দেয়ার রশিদ চাইলে তিনি আমাকে বিভিন্ন তালবাহনা করে ঘুরাচ্ছে। সভায় এ বিষয়ে আলোচনা করা হয়। | (২.গ) সভায় বিস্তারিত আলোচনার সংসদ সদস্য মহোদয় সভায় অসন্তোষ প্রকাশ করেন। তিনি বলেন যে, সরকার কোভিড-১৯ টিকা ফ্রি দিচ্ছে। সেখানে টিকা প্রদান কাজে শিক্ষার্থীদের নিকট হতে টাকা উত্তোলন করা অনিয়মের সামিল; যা কোন ভাবেই মেনে নেয়া যায় না। শিক্ষা প্রতিষ্ঠানে টিকা প্রদানের ক্ষেত্রে বিভিন্ন ব্যবস্থাপনার জন্য কোনরূপ অর্থের | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, |

| | | | |
|---|---|---|---|
| | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, শাহরাস্তি সভায় জানান যে, কোভিড-১৯ টিকা প্রদানের জন্য কোনরূপ টাকা লেনদেনের সুযোগ নেই। সরকার কোভিড-১৯ টিকা সম্পূর্ণ ফ্রি দিচ্ছে। মাধ্যমিক শিক্ষা অধিদপ্তরের নির্দেশনার আলোকে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, শাহরাস্তি এর তত্ত্বাবধানে শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের ফাইজার টিকা প্রদান করা হচ্ছে। এ ক্ষেত্রে আর্থিক লেনদেনের বিষয়ে তিনি অবগত নন।<br><br>উপজেলা নির্বাহী অফিসার, শাহরাস্তি সভায় জানান যে, মাধ্যমিক শিক্ষা অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক কোভিড-১৯ টিকা প্রদান কর্মসূচি বাস্তবায়নের পূর্বে উপজেলা পর্যায়ে টিকা প্রদান কমিটি'র সাথে আলোচনা ও সভা আয়োজনের মাধ্যমে কর্মপরিকল্পনা নির্ধারণ করার প্রয়োজন ছিলো। কিন্তু অত্র উপজেলায় উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা এবং উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা কোনরূপ আলোচনা ছাড়াই নিজেদেরে মনগড়া সিদ্ধান্ত মোতাবেক টিকা প্রদান কর্মসূচি বাস্তবায়ন করার কারণে বিভিন্ন ধরনের আর্থিক লেনদেন ও অব্যবস্থাপনার বিষয়ে অভিযোগ পাওয়া যাচ্ছে।<br><br>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, শাহরাস্তি সভায় জানান যে, মাধ্যমিক শিক্ষা অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী অত্র উপজেলায় সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের মাঝে কোভিড-১৯ ফাইজার টিকা প্রদান কর্মসূচি বাস্তবায়নের জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, শাহরাস্তি এর সাথে যোগাযোগ করা হলে তিনি ফাইজার টিকা সংরক্ষণের নিমিত্ত একটি শ্রেণিকক্ষ নির্ধারণ এবং ফ্রিজিং এর ব্যবস্থা করার জন্য অবহিত করেন। এ ছাড়া প্রতিদিন টিকা প্রদান কর্মসূচিতে নিয়োজিত ডাক্তার ও স্বাস্থ্য কর্মীদের আপ্যয়ন এবং বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান হতে শিক্ষার্থীদের যাতায়াতে যানবাহন ব্যয় নির্বাহ ইত্যাদি'র জন্য মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষক সমিতি একটি সভা করেন। উক্ত সভায় তারা স্থানীয় শিক্ষা প্রতিষ্ঠান হতে ৪,০০০/- টাকা করে চাঁদা নির্ধারণ করেন। যা শিক্ষার্থীদের নিকট হতে প্রতিষ্ঠান প্রধান উত্তোলন করেন। ফলে নিজমেহার মডেল পাইলট উচ্চ বিদ্যালয়ের একটি শ্রেণিকক্ষে ফ্রিজিং এর ব্যবস্থার মাধ্যমে ফাইজার টিকা সংরক্ষণের সিদ্ধান্ত গ্রহন করা হয়। উক্ত ফ্রিজিং এর ব্যবস্থার জন্য প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠান হতে নগদ টাকা উত্তোলন করা হয়েছে মর্মে সভায় অবহিত করেন। | প্রয়োজন হলে ইউনিয়ন পরিষদ অথবা উপজেলা পরিষদ অথবা সংসদ সদস্য হিসেবে অর্থ বরাদ্দ দেয়া যেতো। কিন্তু উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ ও উপজেলা স্বাস্থ্য বিভাগ এ বিষয়ে কারো সাথে আলোচনা করেননি। তাছাড়া স্কুল শিক্ষার্থীদের টিকা প্রদানের ক্ষেত্রে বিভিন্ন ব্যবস্থাপনা বিষয়ে উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিত করা যেতো এবং প্রয়োজনীয় অর্থ বরাদ্দ প্রদানের জন্য পত্রও প্রেরন করা যেতো। তাছাড়া এ বিষয়ে উপজেলা টিকা প্রদান কমিটিকেও অবহিত করা হয়নি। ভবিষ্যৎ কোভিড-১৯ টিকা প্রদানের ক্ষেত্রে আর্থিক লেনদেন এবং অবব্যবস্থাপনার বিষয়ে অধিকতর নজর রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সংশ্লিষ্ট সকলকে অবহিতকরনের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | শাহরাস্তি। |
| ৩. | <u>স্থানীয় সরকার প্রকৌশল (এলজিইডি) বিভাগঃ</u><br>উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শাহরাস্তি সভায় বলেন যে, ২০২১-২০২২ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) ও উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় অনুমোদিত প্রকল্প সমূহের অনলাইনে (ইজিপি) দরপত্র আহবান করা হয়েছে। তাছাড়া উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর আওতায় ৫ম পর্যায়ে (২০২০-২০২১ অর্থবছর) অনুমোদিত একটি প্রকল্পও অনলাইনে (ইজিপি) দরপত্র আহবান করা হয়েছে। অতিশীঘ্রই দাখিলকৃত দরপত্র সমূহ মূল্যায়ন পূর্বক প্রকল্প কাজ বাস্তবায়ন আরম্ভ হবে। | (৩.ক) ২০২১-২০২২ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) ও উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় অনুমোদিত প্রকল্প সমূহের প্রাক্কলন অনুযায়ী দাখিলকৃত দরপত্র মূল্যায়ন ও প্রকল্প কাজ বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শাহরাস্তিকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী এলজিইডি শাহরাস্তি। |
| | সভায় সংসদ সদস্য, চাঁদপুর-৫, (হাজীগঞ্জ-শাহরাস্তি) নির্বাচনী এলাকা বলেন যে, অত্র উপজেলায় কয়েকটি ইউপিতে ব্রীজ/কালভার্ট নির্মাণ কাজ চলমান রয়েছে। উক্ত প্রকল্প কাজ সমূহ দ্রুত বাস্তবায়ন করা হচ্ছে না বিধায় সাধারণ জনগণের চলাচলে দুর্ভোগ পোহাতে হচ্ছে। এ বিষয়ে উপজেলা প্রকৌশলী, এলজিইডিকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় দৃষ্টি আকর্ষন করা হয়।<br><br>উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শাহরাস্তি সভায় জানান যে, ব্রীজ/কালভার্ট নির্মাণ প্রকল্পের প্রয়োজনীয় অর্থ বরাদ্দ না আসায় ঠিকাদারী প্রতিষ্ঠানকে চলতি বিল প্রদান করা যাচ্ছে না। তাই ঠিকাদারী প্রতিষ্ঠান কর্তৃক নির্মাণ কাজের গতি স্থবির হয়ে আছে। | (৩.খ) সভায় বিস্তারিত আলোচনার পর চলমান ব্রীজ/কালভার্ট নির্মাণ প্রকল্প কাজ অতিদ্রুত বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শাহরাস্তিকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী এলজিইডি শাহরাস্তি। |

তিনি সভায় আরো জানান যে, অত্র উপজেলায় ০৪টি ইউপি যথা- টামটা দক্ষিণ, মেহের উত্তর, মেহের দক্ষিণ, রায়শ্রী দক্ষিণ এর নিজস্ব কমপ্লেক্স ভবন নেই। বর্ণিত ০৪টি ইউপিতে কমপ্লেক্স ভবন নির্মাণের ক্ষেত্রে স্থান নির্বাচন খুবই গুরুত্বপূর্ণ বিষয়। ইউপি কমপ্লেক্স ভবন প্রকল্পের আওতায় সরকারি খাস জমি/দানকৃত জমি না পাওয়া গেলে জমি অধিগ্রহনের মাধ্যমে সরকার নির্মাণ কাজ সম্পন্ন করবে। তাই ০৪টি ইউপি এর কমপ্লেক্স ভবন নির্মাণের নিমিত্ত স্থান নির্বাচনের জন্য কমিটি গঠন করা প্রয়োজন। উক্ত কমিটি'র সভার সিদ্ধান্ত মোতাবেক ইউপি কমপ্লেক্স ভবন নির্মাণের স্থান নির্ধারণ করে প্রস্তাব প্রেরণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।

(৩.গ)সভায় বিস্তারিত আলোচনার পর ০৪টি ইউপি যথা- টামটা দক্ষিণ, মেহের উত্তর, মেহের দক্ষিণ, রায়শ্রী দক্ষিণ এর ইউপি কমপ্লেক্স ভবন নির্মাণের স্থান নির্ধারনের জন্য নিম্নোক্তভাবে কমিটি গঠন করা হলোঃ

**টামটা দক্ষিণ ইউপি কমপ্লেক্স নির্মাণ স্থান নির্বাচন কমিটি:**

| ক্র: নং | নাম | পদবী ও ঠিকানা | কমিটিতে পদবী |
|---|---|---|---|
| ১. | জনাব মো: রেজওয়ানুর রহমান | উপজেলা প্রকৌশলী এলজিইডি, শাহরাস্তি। | আহবায়ক |
| ২. | জনাব মো: সবুজ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | সদস্য |
| ৩. | জনাব মো: জাকির হোসেন পাটওয়ারী | সাং- টামটা, শাহরাস্তি (এমপি কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৪. | জনাব আবু সুফিয়ান মজুমদার | সাং- আলীপুর, শাহরাস্তি (এমপি কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৫. | জনাব মো: জহিরুল আলম মানিক | চেয়ারম্যান, টামটা দক্ষিণ ইউপি | সদস্য সচিব |

**মেহের উত্তর ইউপি কমপ্লেক্স নির্মাণ স্থান নির্বাচন কমিটি:**

| ক্র: নং | নাম | পদবী ও ঠিকানা | কমিটিতে পদবী |
|---|---|---|---|
| ১. | জনাব মো: রেজওয়ানুর রহমান | উপজেলা প্রকৌশলী এলজিইডি, শাহরাস্তি। | আহবায়ক |
| ২. | জনাব মো: সবুজ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | সদস্য |
| ৩. | জনাব মো: মনির হোসেন মিরন | সাং-দেবীপুর, শাহরাস্তি (এমপি কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৪. | জনাব মকবুল আহম্মেদ | সাং- কাকৈরতলা, শাহ: (এমপি কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৫. | জনাব মো: জহিরুল ইসলাম | চেয়ারম্যান, মেহের উত্তর ইউপি | সদস্য সচিব |

**মেহের দক্ষিণ ইউপি কমপ্লেক্স নির্মাণ স্থান নির্বাচন কমিটি:**

| ক্র: নং | নাম | পদবী ও ঠিকানা | কমিটিতে পদবী |
|---|---|---|---|
| ১. | জনাব মো: রেজওয়ানুর রহমান | উপজেলা প্রকৌশলী এলজিইডি, শাহরাস্তি। | আহবায়ক |
| ২. | জনাব মো: সবুজ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | সদস্য |
| ৩. | জনাব এড. ইলিয়াছ মিন্টু | সাং- দেবকরা, শাহরাস্তি (এমপি কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৪. | জনাব মোস্তফা গাজী | সাং- মালরা, শাহরাস্তি (এমপি কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৫. | জনাব মো: রুহুল আমিন | চেয়ারম্যান, মেহের দক্ষিণ ইউপি | সদস্য সচিব |

**রায়শ্রী দক্ষিণ ইউপি কমপ্লেক্স নির্মাণ স্থান নির্বাচন কমিটি:**

| ক্র: নং | নাম | পদবী ও ঠিকানা | কমিটিতে পদবী |
|---|---|---|---|
| ১. | জনাব মো: রেজওয়ানুর রহমান | উপজেলা প্রকৌশলী এলজিইডি, শাহরাস্তি। | আহবায়ক |
| ২. | জনাব মো: সবুজ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | সদস্য |
| ৩. | জনাব এ.এইচ খায়রুল আনাম | সাং- বেরনাইয়া, শাহরাস্তি (এমপি কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৪. | জনাব মোস্তাফিজুর রহমান | সাং- বিজয়পুর, শাহরাস্তি (এমপি কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৫. | জনাব আবদুর রাজ্জাক | চেয়ারম্যান, রায়শ্রী দক্ষিণ ইউপি | সদস্য সচিব |

চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, শাহরাস্তি।